

ভালবাসা যেন দু' চোখের বিষ

তুমি কি দেখতে পারছো, অনিন্দ্যা

কী নিঃশব্দে আমি হারিয়ে যাচ্ছি স্মৃতি থেকে

যদি তোমার ভালবাসাই না থাকে

কী হবে পৃথিবীতে নিঃসঙ্গ বেঁচে থেকে

তুমি ছিলে বলেই তো

পৃথিবীতে রঙ ছিল, চাঁদ উঠতো আকাশ ছাপিয়ে
পত্র পল্লবে শিহরিত হতো প্রকৃতির গান
হাস্নাহেনায় পাগল পারা এতো গন্ধ ছিল

তোমার ভালবাসা মুখ ফিরিয়ে নিল যখন

আমার মৃত্যু ঘন্টা বাজলো ঠিক তখনই

আমি তো এখন সময় গুনছি কখন নিঃশেষ হবো

তুমি তো জীবনের অফুরন্ত গান নিয়ে এসেছিলে,

তোমার পায়ে পায়ে ফুটতো হিম হিম ঘাস ফুল

স্নিগ্ধ আবেশে ঘুমিয়ে পড়ার অদম্য আকাজ্জা হতো
মনে হতো, তুমি আছ বলেই তো আমি আছি

কী এমন হলো, আমার ভালবাসা যেন দু' চোখের বিষ

যতই তুমি বলো তোমার হৃদয় অন্যখানে বাঁধা -

কী করে বিশ্বাস করি,

আমি তো তোমার হৃদয়ের আলপথ রাজপথে

কারো ছায়া দেখি নি কোন দিনই চারপাশে

তবে কি আমি নিজেই শত্রু আমার

কোনও ভুলে উল্টে দিয়েছি নিজের ভাগ্য নিজেই

বিচ্ছেদের বাঁশী বাজিয়ে সর্বনাশ করেছি নিজের

অন্যায় যদি করে থাকি,

নিঃশব্দেই হারিয়ে যেতে দাও আমাকে

আমি গেলে যদি তোমার জীবনে আনন্দ আসে

তবে তাই হোক

ঢাকাঃ ২০.১২.২০০৬

মুহম্মদ আবদুস সালাম